



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষিভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

জনসংযোগ বিভাগ

www.badc.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং- ১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪.১৪৭

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
০৮ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

সেচের পানি সংরক্ষণে নতুন প্রযুক্তি


বাংলাদেশে হাইড্রোলিক এলিভেটর ড্যাম নির্মাণের জন্য বিএডিসি ও Beijing IWHR Corporation (BIC)

এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

গত ৭ জুন ২০১৭ তারিখে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এবং চীনের Beijing IWHR Corporation (BIC) এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারক অনুযায়ী সেচের পানি সংরক্ষণসহ জোয়ারের মাধ্যমে লবণাক্ত পানির অনুপ্রবেশ রোধ করার জন্য BIC আগামী দুই বছরে বাংলাদেশে ২টি হাইড্রোলিক এলিভেটর ড্যাম নির্মাণ করবে। বিএডিসি'র রাবার ড্যাম প্রকল্পের মাধ্যমে এ ড্যাম নির্মিত হবে। সমঝোতা স্মারকে বিএডিসি'র পক্ষে সংস্থার চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান এবং BIC এর পক্ষে ম্যানেজিং ডিরেক্টর মি. ইয়েনউ চেন স্বাক্ষর করেন।

বিএডিসি'র কৃষি ভবনস্থ বোর্ড রুমে আয়োজিত সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব মোঃ সিরাজুল হায়দার এনডিসি, বিএডিসি'র সদস্য পরিচালক (অর্থ) জনাব মোহাম্মদ মাহফুজুল হক, সদস্য পরিচালক (স্কুদ্রসেচ) জনাব মোঃ আব্দুল জলিল, সংস্থার সচিব জনাব তুলসী রঞ্জন সাহা, প্রধান প্রকৌশলী (স্কুদ্রসেচ) জনাব উত্তম কুমার রায় এবং রাবার ড্যাম প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব ধীরেন্দ্র চন্দ্র দেবনাথসহ বিএডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ভূপরিষ্ক পানি ব্যবহারের জন্য সম্পূর্ণ নতুন এবং অত্যাধুনিক প্রযুক্তির এই ড্যাম দুটির মাধ্যমে সেচের পানি সংরক্ষণসহ জোয়ারের লবণাক্ত পানির অনুপ্রবেশ রোধ করা সম্ভব হবে। প্রাথমিকভাবে টার্ন-কি ভিত্তিতে চট্টগ্রামের আনোয়ারা ও কক্সবাজারের চকরিয়া উপজেলায় এ ড্যাম দুটি নির্মাণ করা হবে।


(মোঃ জুলফিকার আলী)
জনসংযোগ কর্মকর্তা
বিএডিসি, ঢাকা।
ফোন: ৯৫৫২২৫৬
ই-মেইল: pro@badc.gov.bd